

আল-আ'রাফ | Al-A'raf | الأعراف

আয়াতঃ ৭ : ১১৭

আরবি মূল আয়াত:

وَ أَوْحَيْنَا إِلَىٰ مُوسَىٰ أَنْ أَلْقِ عَصَاكَ فَإِذَا هِيَ تَلْقَفُ مَا يَأْفِكُونَ

﴿ ১১৭ ﴾

অনুবাদসমূহ:

আর আমি মূসার প্রতি ওহী পাঠালাম যে, 'তুমি তোমার লাঠি ছেড়ে দাও' তৎক্ষণাৎ সে গিলতে লাগল সেগুলিকে যে অলীক বস্তু তারা বানিয়েছিল। — আল-বায়ান

আমি মূসার কাছে ওয়াহী করলাম, 'তোমার লাঠি ছুঁড়ে দাও'। তখন তা তাদের অলীক বস্তুগুলোকে গ্রাস করতে শুরু করল। — তাইসিরুল

আমি মূসার নিকট এই প্রত্যাদেশ পাঠালাম, তুমি তোমার লাঠিখানা নিক্ষেপ কর। মূসা তা নিক্ষেপ করলে ওটা (এক বিরাট অজগর হয়ে) সহসা ওদের অলীক সৃষ্টিগুলিকে গ্রাস করতে লাগল। — মুজিবুর রহমান

And We inspired to Moses, "Throw your staff," and at once it devoured what they were falsifying. — Sahih International

১১৭. আর আমরা মূসার কাছে ওহী পাঠালাম যে, আপনি আপনার লাঠি নিক্ষেপ করুন(১)। সাথে সাথে সেটা তারা যে অলীক বস্তু বানিয়েছিল তা গিলে ফেলতে লাগল;

(১) এ আয়াতে আল্লাহ তা'আলা জাদুকরদের বিপরীতে মূসা আলাইহিস সালামকে কিভাবে সহযোগিতা করেছিলেন তার বর্ণনা দিয়ে বলেনঃ আমি মূসাকে নির্দেশ দিলাম যে, আপনার লাঠিটি মাটিতে ফেলে দিন। তা মাটিতে পড়তেই সবচেয়ে বড় সাপ হয়ে সমস্ত সাপগুলোকে গিলে খেতে শুরু করল, যেগুলো জাদুকররা জাদুর দ্বারা প্রকাশ করেছিল। কিন্তু মূসা আলাইহিস সালামের লাঠি যখন এক বিরাট আয়দাহা বা অজগরের আকার ধারণ করে এল তখন সে সবগুলোকে গিলে খেয়ে শেষ করে ফেলল।

তাফসীরে জাকারিয়া

(১১৭) মূসার প্রতি আমি আদেশ করলাম, 'তুমিও তোমার লাঠি নিক্ষেপ কর।' সুতরাং সহসা তা (লাঠি অজগর হয়ে) তাদের অলীক সৃষ্টিগুলিকে গ্রাস করতে লাগল; [1]

[1] কিন্তু এসব যা কিছুই থাক তা শুধু ধারণা ও যাদু; যা সত্যের মুকাবিলা করতে পারে না। সেই জন্য মূসার

লাঠি ফেলার সাথে সাথে সব শেষ হয়ে গেল। মূসা (আঃ)-এর লাঠি একটি ভয়ানক অজগর হয়ে সবকে গিলে ফেলল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1071>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন